

Most Immediate

Email/ Fax Message

From : MOFA, Dhaka
To : All Bangladesh Missions Abroad
No : 19.00.0000.900.32.001.23-217
Date : 14 November 2023

Subject: Promotion of Universal Pension Scheme by Bangladesh Missions Abroad


Head of Chancery (HOC) from Assistant Secretary (ITIT/ICT)

Kindly refer to the letter from National Pension Authority, Finance Division, Ministry of Finance dated 09 November 2023 (*enclosure*). Through the communication National Pension Authority requested to populate the Universal Pension Scheme to Bangladeshi citizens working or staying abroad. In this regard, kind and active engagement from the Bangladesh Missions abroad is sought on the followings:

1. The widespread promulgation of the scheme among the probable beneficiaries
 2. Embed the website link (<https://upension.gov.bd>) to the mission's respective web space.
02. This is conveyed for your kind attention and necessary action.

Encl.: As stated.

With respect,


(Tanvir Ahmed)



কবিরুল ইজদানী খান
নির্বাহী চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপানুষ্ঠানিক পত্র নং-০৭.০৪.০০০০.০০১.৯৯.০০৩.২৩-৪৬

তারিখ: ২৪ কার্তিক ১৪৩০
০৯ নভেম্বর ২০২৩

শ্রীমান সিনিয়র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়

আপনি অবগত আছেন যে, গত ১৭ আগস্ট ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী সর্বজনীন পেনশন স্কিম উদ্বোধন করেছেন। প্রাথমিকভাবে যে চারটি স্কিমের মাধ্যমে এ কার্যক্রম শুরু হয়েছে, তার মধ্যে অন্যতম একটি স্কিম 'প্রবাস' যা প্রবাসী বাংলাদেশীদের ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা নিশ্চিতকল্পে গ্রহণ করা হয়েছে। জাতীয় পেনশন কর্তৃপক্ষ ইতঃপূর্বে বিদেশে বাংলাদেশী মিশনসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আপনার উপস্থিতিতে জুম প্লাটফর্মে সভা আয়োজন করে। উক্ত সভায় প্রবাসীদের 'প্রবাস' স্কিমে অন্তর্ভুক্তির লক্ষ্যে মিশনসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আপনি জেনে আনন্দিত হবেন যে, প্রবাসীরা শুধু নিজ নামেই নয়, দেশে অবস্থানরত পরিবারের সদস্যদের নামেও 'সুরক্ষা' স্কিমে অর্থ জমা প্রদান করতে পারবেন। প্রবাসে কর্মরত বাংলাদেশীরা এর মাধ্যমে তাদের ভবিষ্যত আর্থিক নিরাপত্তার পাশাপাশি, পরিবারের সদস্যদের ভবিষ্যত আর্থিক নিরাপত্তাও নিশ্চিত করতে সক্ষম হবেন। উভয় ক্ষেত্রে তিনি বৈদেশিক মুদ্রায় অর্থ জমা প্রদান করবেন, বিধায় রেমিটেন্স প্রবাহেও ইতিবাচক প্রভাব রাখবে, যা বাংলাদেশের অর্থনীতির জন্যও গুরুত্বপূর্ণ। প্রবাসীরা যাতে এ স্কিমে বাধাহীনভাবে অংশগ্রহণ ও তাদের অর্থ জমা করতে পারেন, জাতীয় পেনশন কর্তৃপক্ষ সে লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পেনশন কর্তৃপক্ষের পক্ষ থেকে কুটনৈতিক ব্যাগযোগে ৩০ হাজার ফ্লায়ার ও ৬ হাজার বুকলেট প্রেরণ করা হয়েছে।

আপনার অবগতির জন্য আরো জানাচ্ছি যে, প্রবাসীদের মাঝে ব্যাপক প্রচারের জন্য বিদেশে বাংলাদেশী মিশনসমূহ মূখ্য ভূমিকা পালন করতে পারে। প্রচারণার ক্ষেত্রে তাদের সক্রিয় অংশগ্রহণ মাননীয় প্রধানমন্ত্রীর জনকল্যাণকর এ কর্মসূচীতে প্রবাসীদের কাঙ্ক্ষিত সাড়া পাওয়া সম্ভব হবে বলে আমি বিশ্বাস করি। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের ওয়েবসাইটে প্রবাস স্কিমের সুযোগ-সুবিধা, নিবন্ধনের প্রক্রিয়া সংক্রান্ত তথ্য স্কল আকারে প্রচার এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষের ওয়েবসাইটের লিংক প্রদর্শন করলে প্রবাসী নাগরিকগণ উৎসাহিত হবেন এবং এ স্কিমে অংশগ্রহণকারীর সংখ্যাও বৃদ্ধি পাবে।

এমতাবস্থায়, বিদেশে বাংলাদেশের সকল মিশনের ওয়েবসাইটে সর্বজনীন পেনশন স্কিমের 'প্রবাস' স্কিম সম্পর্কিত তথ্যাদি ও জাতীয় পেনশন কর্তৃপক্ষের ওয়েবসাইটের লিংক (<https://upension.gov.bd>) প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

সচিব

(কবিরুল ইজদানী খান)

সিনিয়র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়।